**বাংলা প্রথম পত্র**
**সৃজনশীল প্রশ্ন**

[ ক বিভাগ হতে দুটি, খ বিভাগ হতে দুটি, গ বিভাগ হতে দুটি ও ঘ বিভাগ হতে একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

**ক বিভাগ – গদ্য**

১. বিধবা আভিয়ার বেদয়েছেন বেলে রামদার টাকা ব্যয় করে দুই পুত্র ও এক কন্যাকে লিখাপড়া শিখিয়ে বিয়ে দিয়েছেন বলিলে তার রিবার নিয়ে ঢাকায় থাকে। তাদের সুখের কথা চিন্তা করে তিনি খুব আনন্দ পান, যদিও তাঁর দেখাশোনার মতো কেউ নেই। পুত্রদেশের ক দিলেও চাকরি নিয়ে ব্যস্ত থাকায় আসতে পারে না। একসময় অসুস্থ হয়ে পড়েন আছিয়া দিল। অবস্থা খারাপ হলে প্রতিবেশী দিনমজুর জবেদ আলির ছেলে আশিক তাকে দেখতে আধিনা মোকথা শুনে আশিক তাঁর অনেক প্রশংসা করে। সে বলে 'আপনার মতো মা ঘরে ঘরে দরকার।'
ক. শিলেপেষা' অর্থ কী?
খ. ‘সে আর এক আবর্জনা' বলতে কী বোঝানো হয়েছে?
গ. ”উদ্দীপকের আশিকের সাথে ‘নিমগাছ' গল্পের যে চরিত্রের সাদৃশ্য আছে তা ব্যাখ্যা করো।
ঘ. "উদ্দীপকের আম্বিয়া বেগম ও 'নিমগাছ' গল্পের লক্ষ্মীবউ যেন একই সূত্রে গাঁথা।"- মন্তব্যটির যথার্থতা বিচার করো।
২. পেশা তার দরজিগিরি কিন্তু নেশা তার বই পড়া। বাল্যকালে পিতা মারা যাওয়ায় পঞ্চম শ্রেণির পর আর পড়তে পারেনি কাশেম মিয়া। তবে বই পড়ার নেশা থেকেই বাড়ির পাশে প্রায় দুই হাজার বই নিয়ে গড়ে তুলেছে 'স্বপ্ন গড়ি লাইব্রেরি'। গ্রামের ছোটো-বড়ো সবাই সেখানে জ্ঞানচর্চা করে। শিক্ষার্থীরা পাঠ্যবইয়ের পাশাপাশি অন্যান্য বইও পড়ে। কিন্তু ব্যবসায়ী মামুদ মোল্লা তার সন্তানকে ওই লাইব্রেরিতে যেতে নিষেধ করে বলে, 'তোমার এত জ্ঞান অর্জনের দরকার নেই, বাসায় প্রাইভেট শিক্ষক রেখেছি। তাঁর কাছে পড়ে (এ+) অর্জন করো।'
ক. পেশাদারদের মহাভ্রান্তি কী?
খ. সাহিত্যচর্চার সুফল সম্বন্ধে অনেকেই সন্দিহান কেন?
গ. উদ্দীপকের মামুন মোল্লার মনোভাব 'বই পড়া' প্রবন্ধের যে দিকটি নির্দেশ করে তা ব্যাখ্যা করো।
ঘ. 'কাশেম মিয়ার উদ্যোগের মধ্যেই প্রমথ চৌধুরীর আকাঙ্ক্ষার যথার্থ প্রতিফলন ঘটেছে।'- মন্তব্যটির যৌক্তিকতা যাচাই করো।

৩. লিজা তৃতীয় শ্রেণিতে পড়ে। তাদের বাড়িতে তার সমবয়সি লতিফা নামে একটি কাজের মেয়ে থাকে। অভাবের তাড়নায় সে এ বাড়িতে কাজে এসেছে। লিজা তার সাথে খেলাধুলা ও গল্প করতে চায়। কিন্তু লিজার মা ওদের দুজনকে একসঙ্গে দেখলেই বকা দেয়। লিজা ওর মায়ের অনুপস্থিতিতে লতিফার সাথে কখনো কখনো পুতুল খেলে, টিভি দেখে। কিন্তু লতিফা লিজার সাথে মিশতে ভয় পায় কারণ লিজার মা যদি দেখে ফেলে।
ক. মমতাদির মাইনে কত টাকা ঠিক করা হলো?
খ. 'কারো কাছে যা পাই না, তুমি তা দেবে কেন? কথাটি বলার কারণ কী? বুঝিয়ে লেখো।
গ. লতিফার সাথে 'মমতাদি' গল্পের মমতাদির সাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকের লিজার মা যেন 'মমতাদি' গল্পের গৃহকত্রীর বিপরীত মানসিকতা ধারণ করেছে।"- মন্তব্যটি বিশ্লেষণ করো।

৪. তপুর বয়স ছয়। সে রাত হলেও ঘুমাতে চায় না। তপুর মা সুরাইয়া বেগম চেষ্টা করে ব্যর্থ হয়ে শাশুড়িকে বলেন, 'মা আপনি তপুকে একটু ঘুম পাড়ান, আমি জি-বাংলার সিরিয়ালটা দেখে আসি।' তপুর দাদি বলেন, আসো দাদুভাই, তোমাকে ডালিম কুমারের গল্প বলি।' কিন্তু তপু বলে, 'না, আমি ডরেমন কার্টুন দেখব।' দাদি ভাবেন- আমাদের অতীত জীবনের গল্পগুলো যদি বাঁচিয়ে রাখা যেত তাহলে কতইনা ভালো হতো। তিনি আফসোস করে বলেন, 'কী যুগ আইলোরে, জি-বাংলা আর ডরিমান সব খাইলরে'
ক. ভুয়োদর্শন কী?

proshnobd.com

খ. পল্লিগানগুলোকে অমূল্য রত্নবিশেষ বলা হয়েছে কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের তপু ও তার মায়ের মানসিকতায় 'পল্লিসাহিত্য' প্রবন্ধের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকের দাদির চিন্তা-চেতনাই পারে 'পল্লিসাহিত্য' প্রবন্ধ লেখকের আকাঙ্ক্ষা পূর্ণ করতে।"- মন্তব্যটি বিশ্লেষণ কর।

## খ বিভাগ – কবিতা

৫. লুনা লেখাপড়া করার জন্য আমেরিকায় যায়। সাত বছর পর দেশে ফিরে তার দেশের মানুষের ভাষা তেমন একটা ভালোগ্রামোর কায়। লুনা বলে বাংলা দিয়ে পৃথিবীর কোথাও কিছু করা যায় না। কেমন একটা ভালো লাগে আর বাংলা ভাষার প্রতি অবজ্ঞার ভাব প্রকাশ জীবন তার আচরণে ক্ষুনি লিথায় ইংরেজি বলে আর বতিনি বলেন, "এ ভাষার জন্যই মানুষ জীবন দিয়েছেন। এ ভাষায় কবি। গেয়ে ওঠেন 'মোদের গরব মোদের আশা, আ-মরি বাংলা ভাষা।'
ক. 'বঙ্গবানী' কবিতাটি কোন সময়ে-রচিত?
খ. ‘বঙ্গবাণী' কবিতায় 'হিন্দুর অক্ষর’ বলতে কী বোঝানো হয়েছে। বুঝিয়ে লেখো।
গ. লুনার আচরণ 'বঙ্গবানী' কবিতার যাদের মানসিকতাকে নির্দেশ করে তাদের স্বরূপ ব্যাখ্যা করো।
ঘ. ‘স্কুল শিক্ষকের মনোভাব যেন কৰি আবদুল যাকিমের মনোভাবেরই প্রতিচ্ছবি।'- মন্তব্যটি বিশ্লেষণ করো।

৬. জমিলা বেগম মুক্তিযুদ্ধে স্বামী, সন্তান হারিয়ে দুঃখের সাগরে আজ ভাসছে। তিনি দেখেছেন নদীতে, রাস্তাঘাটে, বনজঙ্গলে অসংখ্য লাশ। মানুষ নিরাপদ আশ্রয়ের খোঁজে পাড়ি দিয়েছে দর-দূরান্তের পথ। অথচ একমাত্র সন্তান জীবন দিয়ে তাকে উপহার দিয়েছেন স্বাধীন মানচিত্র। তাই তো জমিলার চোখে আটকে থাকে লাল-সবুজ পতাকা।
ক. শামসুর রাহমানের কবিতায় কোন বৈশিষ্ট্য সার্থকভাবে প্রকাশ পেয়েছে?
খ. কবি 'খাণ্ডবদাহন' দিয়ে কী বুঝিয়েছেন?
গ. উদ্দীপকে 'তোমাকে পাওয়ার জন্যে, যে স্বাধীনতা' কবিতার যে চিত্র ফুটে উঠেছে তা ব্যাখ্যা করো।
ঘ. 'উদ্দীপকে জমিলা বেগমের ছেলের মতো অসংখ্য মানুষের আত্মত্যাগে বাংলাদেশ স্বাধীন হয়েছে।' 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার আলোকে বিশ্লেষণ করো।

৭. বাদশা বাবর কাঁদিয়া ফিরিছে, নিদ নাহি চোখে তাঁর-
পুত্র তাঁহার হুমায়ুন বুঝি বাঁচে না এবার আর।
চারিধারে তার ঘনায়ে আসিছে মরণ-অন্ধকার।
রাজ্যের যত বিজ্ঞ হেকিম কবিরাজ দরবেশ
এসেছে সবাই, দিতেছে বসিয়া ব্যবস্থা সবিশেষ,
সেবাযত্নের বিধিবিধানের ত্রুটি নাহি এক লেশ।

ক. 'পল্লিজননী' কবিতার মূলকথা কী?
খ. মার প্রাণ আই ঢাই করে কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের বাদশা বাবরের সাথে 'পল্লিজননী' কবিতার পল্লিজননীর সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা করো।
ঘ. "সাদৃশ্য থাকলেও উদ্দীপকের বাদশা বাবর ও 'পল্লিজননী' কবিতার পল্লিমায়ের মধ্যে অবস্থানগত ভিন্নতাও স্পষ্ট।"- বিশ্লেষণ করো।

## গ বিভাগ – উপন্যাস

৮. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় খালিদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র ছিল। মুক্তিযুদ্ধের সময় বিশ্ববিদ্যালয়ের সবাই ভয়ে হল ছেড়ে পালাতে শুরু করে। খালিদকে তার বন্ধুরা পালাতে বললে সে বলে, 'সবাই বিশ্ববিদ্যালয় থেকে পালালে দেশ স্বাধীন করবে কারা? আমাকে থাকতেই হবে।'
ক. হাশেম মিয়া কখন আত্মহারা হয়ে যেত?

prosnobd.com

খ. ভয় বুধাকে কাবু করে না কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকে ছাত্রদের হল ছেড়ে পালানো 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে ঘটনা স্মরণ করিয়ে দেয় তা ব্যাখ্যা করো।'
ঘ. "উদ্দীপকের খালিদ ও 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার মনোভাব এক ও অভিন্ন।"- মন্তব্যটি মূল্যায়ন করো।

৯. সাভারের রানা প্লাজার ভবন ধসে পড়ে কর্মরত দম্পতি মোহনা ও বিমন নিহত হয়। কিন্তু বেঁচে যায় বাসায় থাকা সাত বছরের ছেলে মিলন। পিতামাতামারা ছেলেটিকে বুকে টেনে নেয় বাড়ির মালিকের স্ত্রী রাহেলা। নিজের ছেলেমেয়েদের ভবিষ্যতের কথা চিন্তা করে স্বামী রাজি না হলেও রাহেলা মিলনকে নিজের সন্তানের মতো স্কুলে দিয়ে লেখাপড়ার ব্যবস্থা করেন।
ক. বিনু হাসলে কী মনে হতো?
খ. 'মনে হয়, তুই আমার মুরব্বি।'- কথাটি বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকের রাহেলার সাথে 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধার চাচির বৈসাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. "সাদৃশ্য থাকলেও উদ্দীপকের মিলন 'কাকতাড়ুয়া' উপন্যাসের বুধা চরিত্রের যথার্থ প্রতিচ্ছবি হয়ে উঠতে পারেনি।"- মূল্যায়ন করো।

**ঘ বিভাগ - নাটক**

১০. ভরদুপুরে দিঘির ঘাটে জল আনতে গিয়ে মুছা যায় লিলি। তার বাবা-মার বিশ্বাস, • লিলির মধ্যে জিন-ভূতের আসর পড়েছে, শীঘ্রই কোনো কবিরাজের কাছে নিতে হবে। ■ কিন্তু এ সিদ্ধান্তের ঘোর বিরোধিতা করে লিলির বিশ্ববিদ্যালয়ের পড়ুয়া ভাই আনাফ। সে - লিলিকে নিকটতম স্বাস্থ্যকেন্দ্রে নিয়ে ডাক্তার দেখালে সুস্থ হয়ে ওঠে লিলি। মূলত লিলির শারীরিক দুর্বলতার জন্য এমনটি হয়েছিল।
ক. বহিপীরের মতে, একাকী চুপচাপ বসে থাকলে কী হয়?
খ. 'হাতেম আলির মাথায় যেন আকাশ ভেঙে পড়েছে'- কেন? বুঝিয়ে লেখো।
গ. উদ্দীপকে আনাফ ও 'বহিপীর' নাটকের হাশেমের চেতনাগত সাদৃশ্য ব্যাখ্যা করো।
ঘ. "উদ্দীপকে লিলির বাবা-মায়ের বিশ্বাস থেকে সমাজকে মুক্ত করাই যেন 'বহিপীর' নাটকে নাট্যকারের মূল উদ্দেশ্য।'- বিশ্লেষণ করো।

১১. পিতৃ-মাতৃযারা লিমা মামার বাড়িতে থাকে। মামি একে বোঝা মনে করেন। ভাই ২ বিয়ের বয়স হওয়ার আগেই তাকে সতিনের সংসারে এক বৃদ্ধের সঙ্গে দ্বিতীয় স্ত্রী হিসেবে - জোর করে বিয়ে দিয়ে দেন। লিমা এ বিয়ে মেনে নিতে পারেনি। তাই পালিয়ে শহরে চলে যায় এবং একটি চাকরি নিয়ে সে আত্মনির্ভরশীল মানুষ হয়ে ওঠে। .
ক. বহিপীরের মতে তাহেরা কীসের পরিচয় দিয়েছে?
খ. 'আমার কথা অবিশ্বাস করবেন না'- তাহেরার একথার কারণ ব্যাখ্যা করো।
গ. উদ্দীপকে লিমার মামি 'বহিপীর' নাটকের যে চরিত্রের বৈশিষ্ট্য ধারণ করে তার স্বরূপ ব্যাখ্যা করো।
ঘ. উদ্দীপকের লিমা এবং 'বহিপীর' নাটকের তাহেরা একই সমাজবাস্তবতার শিকার হলেও পরিণতি হয়েছে ভিন্ন।" বিশ্লেষণ করো।

prosnbd.com

বহুনির্বাচনি অভীক্ষা
বাংলা প্রথম পত্র
[২০২৪ সালের সিলেবাস অনুযায়ী]
সময় – ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

বিষয় কোড : 101
সেট : ক

[বিশেষ দ্রষ্টব্য। সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো কালির বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।**

১। 'অভাগীর স্বর্গ' গল্পে কুটির প্রাঙ্গণে কী গাছ আছে?
(ক) তাল (খ)বরই
(গ) বেল (ঘ) জলপাই

২। 'সিন্ধু হিন্দোল' কাজী নজরুল ইসলামের কী ধরনের রচনা?
(ক) উপন্যাস (খ) কাব্যগ্রন্থ
(গ) প্রবন্ধ গ্রন্থ (ঘ) নাটক

৩।"আমি শোধ নিতে জানি" এ বাক্যে বুধার কোন ভাবটি ফুটে উঠেছে?
(ক) দক্ষতা (খ) নিপুণতা
(গ) প্রতিবাদ (ঘ) ক্ষমতা

৪। 'মহিমা' শব্দের অর্থ কোনটি?
(ক) মহৎ (খ) গুরুত্বপূর্ণ
(গ) অহংকারী (ঘ) গৌরব

উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :
মাধবকুণ্ডে বেড়াতে গিয়েছিলাম। পাহাড়ের উপর থেকে অবিরাম পড়া জলরাশি আমাকে মুগ্ধ করেছিলো।

৫। উদ্দীপকের সাথে নিচের কোন চরণটির মিল রয়েছে?
(ক) উপল-ঘায় দিই ঝিলিক/দুল দোলায় মন ভোলাই/ ঝিলমিলাই দিগ্বিদিক
(খ) সুন্দরের তৃষ্ণা বার/আমরা ধাই তার আশেই
(গ) নিজের পায় বাজাই তাল/একলা গাই, একলা ধাই/ দিবস রাত, সাঁঝ সকাল
(ঘ) ঝুঁকিয়ে ঘাড় ঝুম-পাহাড়/ভয় দ্যাখায়, চোখ পাকায়

৬। উদ্দীপক ও 'ঝর্ণার গান' কবিতায় প্রকাশিত হয়েছে-
i. পাহাড়ের সৌন্দর্য
ii. ভালরাশির প্রবাহমানতা
iii. নিস্তব্দ প্রকৃতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii
(খ) i ও iii
(গ) ii ও iii
(ঘ) i, ii ও iii

৭। 'তিমির' শব্দের অর্থ কোনটি?
(ক) নিঃস্ব (খ) সর্বক্ষণ অন্ধকার (গ) নিগড় (ঘ) অন্ধকার

৮। "আমি কোনো আগন্তুক নই" কবিতায় কোনটি জ্যোৎস্নার চাদরে ঢাকা?
(ক) সরুপথ (খ) নিশিন্দার ছায়া
(গ) ডুমুরের ডাল (ঘ) ধানের মঞ্জরী

৯। "মেদিনী বিদার দেউ পসি লুকাও"। এর বক্তেব্যের সভো তোমার পঠিত কোন রচনার মিল রয়েছে?
(ক) একাত্তরের দিনগুলি (খ) সাহিত্যের রূপ ও রীতি
(গ) সাহসী জননী বাংলা (ঘ) আমার পরিচয়

১০। "কালো চোখকে তর্জমা করতে হয় না" কারণ -
i. মনোভাব মুখাবয়বে প্রতিফলিত হয়
ii. চোখে সৌন্দর্য প্রকাশ পায়
iii. অভাভক্তির মাধ্যমে অভিব্যক্তির প্রকাশ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১। 'বিরান' শব্দের অর্থ কী?
(ক) শূন্য (খ) জনমানবহীন (গ) উত্তপ্ত (ঘ) অবদ

উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩ নম্বর প্রশ্নের উত্তর দাও : চাকরি জীবনের দেড়যুগ পার করলেও সবুর কোনোদিন ছুটি কাটাননি। অফিসের সব কাজ নির্দিষ্ট সময়ে যথাযথভাবে সম্পন্ন করেন। তার কাজের স্বীকৃতি স্বরূপ পেয়েছেন কয়েকটি সম্মাননা পুরস্কার।

১২। উদ্দীপকের সবুরের মানসিকতার 'রানার' কবিতার কোন চরণের মিল রয়েছে?
(ক) রাত নির্জন, পথে কত ভয়, তবুও রানার ছোটে
(খ) ঘরেতে অভাব। পৃথিবীটা তাই মনে হয় কালোধোয়া
(গ) হাতে লণ্ঠন করে ঠনঠন, জোনাকিরা দেয় আলো
(ঘ) অবাক রাতের তারারা, আকাশে মিটমিট করে চায়

১৩। উদ্দীপক ও 'রানার' কবিতায় প্রকাশিত হয়েছে
i. কর্মমুখিতা ii. দায়িত্বশীলতা iii. প্রগতিশীলতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

proshnobd.com

১৪। রানার কবিতাটি কোন কাব্য থেকে সংকলন করা হয়েছে?
(ক) হরতাল (খ) ছাড়পত্র
(গ) অগ্নিবীণা (ঘ) সাম্যবাদী

১৫। আফগানিস্তানের রিলিফম্যাপের চেহারার সঙ্গে সাদৃশ্যপূর্ণ চেহারা কার?
(ক) অধ্যক্ষ জিরার (খ) আমির রহমানের
(গ) মুজতবা আলীর (ঘ) আব্দুর রহমানের

১৬। মতিউর মনে মনে বুধার প্রশংসা না করে পারে না কেন?
ক) সৈন্যদের পেয়ারা খাইয়েছে বলে
(খ) মাটি কাটার কাজে চটপটে ভঙ্গি দেখে
(গ) গ্রামের সকলের স্নেহভাজন হওয়ায়
(ঘ) দৃঢ়চেতা স্বভাবের পরিচয় পেয়ে

উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নম্বর প্রশ্নের উত্তর দাও :
এ পৃথিবী যেমন আছে তেমনি পড়ে রবে সুন্দর এ পৃথিবী ছেড়ে একদিন চলে যেতে হবে।

১৭। উদ্দীপকের সঙ্গে নিচের কোন চরণের মিল রয়েছে?
(ক) রাত থমথম স্তব্ধ নিঝুম ঘোর-ঘোর আন্ধার
(খ) বাহিরেতে নাচে জোনাকি আলোয় থমথম কালো রাত
(গ) সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে?
(ঘ) এশিরিয়া ধুলো আজ বেবিলন ছাই হয়ে গেছে

১৮। উদ্দীপক ও 'সেই দিন এই মাঠ' কবিতায় প্রকাশ পেয়েছে-
i. ধরণীর অবিনশ্বর সৌন্দর্য ii. মানব জীবনের দুঃখবোধ
iii. প্রকৃতির অন্তঃসার শূন্যতা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) ii ও iii

১৯। 'বহিপীর' নাটক কত সালে প্রথম প্রকাশিত হয়?
(ক) ১৯৫৮ (খ) ১৯৫৯ (গ) ১৯৬০ (ঘ) ১৯৬১

২০। "আমি যে এসেছি জয় বাংলার বজ্রকণ্ঠ থেকে"। এখানে 'জয় বাংলার বজ্রকণ্ঠ' বলতে বাঙ্গালির কোন বৈশিষ্ট্যকে বোঝানো হয়েছে?
(ক) সাংস্কৃতিক ঐতিহ্য ও সমৃদ্ধি (খ) অদম্য রাজনৈতিক প্রতিভা
(গ) আবহমান সংগ্রামী চেতনা (ঘ) ঐক্য ও সংহতির শক্তি

২১। সুভা আপনাকে আপনি দেখিতেছে-কেন?
(ক) বয়ঃসন্ধিকালে উপনীত বলে (খ) অবাঞ্চিত কৌতূহলের জন্য
(গ) সঙ্গীহীন থাকায় (ঘ) জ্যোৎস্না রাতে নিজেকে দেখতে

২২। মধ্যযুগের কবি কে?
(ক) মাইকেল মধুসূদন দত্ত (খ) আহসান হাবীব
(গ) হেমচন্দ্র বন্দোপাধ্যায় (ঘ) আব্দুল হাকিম

২৩। 'বইপড়া' প্রবন্ধের লেখক লাইব্রেরিকে কীসের ওপর স্থান দিয়েছেন?
(ক) হাসপাতালের (খ) মন্দিরের
(গ) স্কুল-কলেজের (ঘ) অর্থবিত্তের

২৪। "আমারো ছিলো মনে, কেমনে বেটা পেরেছে সেটা জানতে" – এ কথার মধ্য দিয়ে মন্ত্রীর কী প্রকাশ পেয়েছে?
(ক) উদাসিনতা (খ) চতুরতা
(গ) কার্যনির্বাহের নিপুণতা (ঘ) মেধাস্বত্বের চৌর্যবৃত্তি

২৫। 'অভাগীর স্বর্গ' গল্পের গতিশীল চরিত্র কোনটি?
(ক) অভাগী (খ) কাঙ্গালী
(গ) রসিকদুলে (ঘ) ঠাকুর দাস

২৬। "কপোতাক্ষ নদ” কবিতায় ঘটক এর মেলা বন্ধন কোনটি?
(ক) গন্তচ-গঙচ
(খ) কখল-ককখ
(গ) ঘঙ ঘঙ-চচ
(ঘ) কথ-কখ-কপ

২৭। সর্বজয়া কোন মাসের রোদে জ্বর আসার কথা বলেছে?
(ক) আশ্বিন (খ) কার্তিক
(গ) পৌষ (ঘ) চৈত্র

২৮। "ওদের বাড়ির গৃহকর্মে নিপুণা লক্ষ্মী বউটির ঠিক এক দশা"-এখানে যে দশার কথা বোঝানো হয়েছে-
i. অবহেলিত
ii. যত্নাকাঙ্ক্ষী
iii. উচ্চাকাঙ্ক্ষী
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) ii
(গ) i ও ii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০ নম্বর প্রশ্নের উত্তর দাও:
নিম্নবর্ণের সুদাংশু বারো বছরের মেয়ে শশীকে চল্লিশ বছর বয়সী কুলীন পঞ্চাননের সঙ্গে বিয়ে ঠিক করে। এতে শশী বিরোধিতা করলে সুদাংশু বলে, 'সমাজে তো উঠতে হবে'।

২৯। উদ্দীপকের শশীর সঙ্গে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ চরিত্র কোনটি?
(ক) খোদেজা (খ) বহিপীর
(গ) হাতেম আলী (ঘ) তাহেরা

৩০। উদ্দীপকের সুদাংশু ও 'বহিপীর' নাটকের প্রকাশ পেয়েছে-
i. নারীর অবমূল্যায়ন
ii. প্রতিবাদী চেতনা
iii. সামাজিক কুসংস্কার
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

proshnobd.com